

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৯৪৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৭. প্রথম অনুচ্ছেদ - তাশাহুদের মধ্যে দু'আ

بَابُ الدُّعَاءِ فِي التَّشَهُّدِ

আরবী

وَعَنْ سَمُرَةَ بْنِ جُنْدَبٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا صَلَّى أَقْبَلَ عَلَيْنَا بَوَجْهِهِ. رَوَاهُ الْبُخَارِيُّ

বাংলা

৯৪৪-[৬] সামুরাহ্ ইবনু জুনদুর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাত (সালাত/নামায/নামাজ) আদায় শেষে আমাদের দিক মুখ ফিরিয়ে বসতেন। (বুখারী)[১]

ফুটনোট

[১] সহীহ : বুখারী ৮৪৫, মুসলিম ২২৭৫, তিরমিযী ২২৯৪, আহমাদ ২০১৬৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِذَا صَلَّى صَلَاةً أَقْبَلَ عَلَيْنَا بَوَجْهِهِ) তথা যখন সালাত শেষ করতেন তখন মুক্তাদীদের দিকে চেহারা ফিরাতেন জরুরী উদ্দেশে।

আর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কখনো সালাত ও সালাম শেষ না হওয়া পর্যন্ত কিবলাহ্ (কিবলাহ/কিবলা) হতে পরিবর্তন হতেন না। এ অধ্যায়ে অনুরূপ হাদীস যা যায়দ ইবনু খালিদ আল জুহানী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের ফাজরের (ফজরের) সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করলে বৃষ্টির সময় রাতে ছিল যখন সালাত (সালাত/নামায/নামাজ) সমাপ্ত করলেন মুক্তাদীদের অভিমুখে হলেন।

আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইশার সালাত (সালাত/নামায/নামাজ) মধ্য রাতে পর্যন্ত দেবী করলেন। অতঃপর আমাদের উদ্দেশে বের হলেন আর যখন

সালাত শেষ করলেন আমাদের দিকে তাঁর চেহারা ফিরালেন।

উপরোক্ত দু'টি হাদীস বুখারী ও মুসলিমে বর্ণিত, ইয়াযীদ ইবনু আস্‌ওয়াদ হতে বর্ণিত। তিনি বলেন, আমরা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে হাজ্জ (হজ/হজ্জ) করলাম। বিদায় হাজ্জে তিনি বলেন, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের ফাজরের (ফজরের) সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করালেন। অতঃপর বসা অবস্থায় পরিবর্তন হলেন এবং তাঁর চেহারাকে আমাদের অভিমুখে করলেন। (আহমাদ)

উপরোক্ত হাদীসসমূহ প্রমাণ করে সালাত (সালাত/নামায/নামাজ) শেষে মুজাদীর দিকে ফিরানো শারী'আতসম্মত। আর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এমনটি সর্বদাই করতেন যা প্রমাণ হয় ۞ শব্দ দিয়ে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55503>

📖 হাদিসবিভির প্রজেক্টে অনুদান দিন